TAP এবং অন্যান্য NYS শিক্ষার্থী আর্থিক সহায়তার জন্য কীভাবে আবেদন করবেন

আর্থিক সহায়তা প্রাথমিকভাবে আসে যুক্তরাষ্ট্রীয় ও রাজ্য সরকারের থেকে এবং আপনার কলেজের থেকে।

hesc.ny.gov/pay ওয়েবসাইটে নিউ ইয়র্ক স্টেটের আর্থিক সহায়তা কার্যক্রমগুলির সম্পূর্ণ তালিকা পাওয়া যায়

TAP

নিউ ইয়র্ক স্টেট টিউশন সহায়তা কার্যক্রম (TAP) উপযুক্ত এমন শিক্ষার্থীদের টিউশন সম্পর্কিত সহায়তা দেয় যারা নিউ ইয়র্ক স্টেট স্থিত কলেজ বা বিশ্ববিদ্যালয়গুলিতে পড়াশোনা করছেন।

TAP অনুদান হওয়ার জন্য, এটি ফেরত দিতে হয় না।

TAP-এর যোগ্যতা অর্জ করতে গেলে আপনাকে অবশ্যই এগুলি করতে হবে

- NYS শিক্ষার্থী হিসেবে যোগয । সংক্রান্ত আবশয তাগিল পূরণ করতে হবে অথবা NYS ড্রিম আইনের অধীনে যোগয । অজ্ন করতে হবে
- $125,000 বা তার কম পারিবারিক আয়ের উধসরসীমা পূরণ করতে হবে
- NYS স্থিত কোনও অনুমোদিত সেকেন্ডারি-পরবর্তী ইনিস্টটিউশনে স্নাতক হওয়ার জনয পাঠরত হতে হবে

পুরস্কারের পরিমাণ

- বছরে $5,165 পর্যন্ত, যা নিচে উল্লেখ করা বিষয়গুলি বিবেচনা করে নির্ধারণ করা হয়েছে:
    - পরিবারের করযোগ্য আয়
    - টিউশন বাবদ আপনার কলেজের ধারা ধার্য করা চার্জ
    - কলেজে ভর্তি হওয়া পরিবারের অন্যান্য সদস্য

যোগ্যতা সম্পর্কিত সম্পূর্ণ বিবরণের জন্য এবং আপনার প্রাপ্য আনুমানিক TAP-এর পরিমাণ জানতে hesc.ny.gov/TAP ওয়েবসাইটটি দেখুন।

কীভাবে আবেদন করবেন

- FAFSA থেকে, TAP-এর জন্য আবেদন করার প্রত্যক্ষ লিঙ্কগুলি অনুসরণ করুন
- আবেদন করার পৃষ্ঠার লিঙ্ক পেতে এবং আবেদন করার সময়সীমা জানার জন্য www.tap.hesc.ny.gov/totw ওয়েবসাইটে যান

আপনি যদি NYS ড্রিম আইন অনুসারে যোগ্যতা অর্জন করে তাহলে hesc.ny.gov/dream ওয়েবসাইটে গিয়ে আবেদন করুন

এক্সেলসিওর স্কলারশিপ

এক্সেলসিওর স্কলারশিপ, অন্যান্য শিক্ষার্থী আর্থিক সহায়তার সাথে মিলে নিউ ইয়র্ক স্টেটের যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থীদের SUNY বা CUNY কলেজ টিউশন-ফি অর্জন করতে সাহায্য করে।

এক্সেলসিওর স্কলারশিপের যোগ্যতা অর্জন করার জন্য আপনাকে অবশ্যই

- NYS শিক্ষার্থী হিসেবে যোগ্যতা সংক্রান্ত আবশ্যকতাগুলি পূরণ করতে হবে অথবা NYS ড্রিম আইনের অধীনে যোগ্যতা অর্জন করতে হবে
- $125,000 বা তার কম পারিবারিক আয়ের উর্ধসীমা পূরণ করতে হবে
- SUNY বা CUNY কলেজে স্নাতক হওয়ার জন্য পাঠরত হতে হবে
- প্রতি টার্মে অন্তত 12টি ক্রেডিটের জন্য তালিকাভুক্ত হতে হবে এবং প্রতি বছর ধারাবাহিকভাবে 30টি ক্রেডিট সম্পূর্ণ করতে হবে
- টানা দু'বছরে অ্যাসোসিয়েট ডিগ্রী এবং টানা চার বছরে ব্যাচেলর ডিগ্রী সম্পূর্ণ করার পথে থাকতে হবে

- যে সময়ের জন্য পুরস্কার পেয়েছেন সেই সময়টা NYS-এ বসবাস করার জন্য সম্মত হতে হবে

যোগ্যতা অর্জন সম্পর্কিত সম্পূর্ণ বিবরণের জন্য hesc.ny.gov/excelsior ওয়েবসাইটটি দেখুন।

পুরস্কারের পরিমাণ

- বছরে $5,500 পর্যন্ত

কীভাবে আবেদন করবেন

- আবেদন করার পৃষ্ঠার লিঙ্ক পেতে এবং আবেদন করার সময়সীমা জানার জন্য hesc.ny.gov/excelsior ওয়েবসাইটে যান।

আপনি যদি NYS ড্রিম আইন অনুসারে যোগ্যতা অর্জন করে তাহলে hesc.ny.gov/dream ওয়েবসাইটে গিয়ে আবেদন করুন।

বর্ধিত টিউশিন পুরস্কার

বর্ধিত টিউশন পুরস্কার কার্যক্রম নিউ ইয়র্ক স্টেট স্থিত অংশগ্রহণকারী বেসরকারি স্কুলে পাঠরত শিক্ষার্থীদের টিউশন পুরস্কার দেয়।

বর্ধিত টিউশন পুরস্কার পাওয়ার যোগ্যতা অর্জন করার আপনাকে অবশ্যই এগুলি করতে হবে

- NYS শিক্ষার্থী হিসেবে যোগ্যতা সংক্রান্ত আবশ্যকতাগুলি পূরণ করতে হবে অথবা NYS ড্রিম আইনের অধীনে যোগ্যতা অর্জন করতে হবে
- $125,000 বা তার কম পারিবারিক আয়ের উর্ধসীমা পূরণ করতে হবে
- NYS স্থিত কোনও অংশগ্রহণকারী বেসরকারি কলেজে স্নাতক হওয়ার জন্য পাঠরত হতে হবে
- টানা দু'বছরে অ্যাসোসিয়েট ডিগ্রী সম্পূর্ণ করা এবং অথবা টানা চার বছরে ব্যাচেলর ডিগ্রী সম্পূর্ণ করার পথে এগিয়ে চলার জন্য প্রতি টার্মে অন্তত 12টি ক্রেডিটের জন্য তালিকাভুক্ত হতে হবে এবং প্রতি বছর ধারাবাহিকভাবে 30টি ক্রেডিট সম্পূর্ণ করতে হবে

- আপনার ডিগ্রী সম্পূর্ণ করার পরে, আপনি যত বছরের জন্য পুরস্কার পেয়েছেন তত বছর আপনাকে অবশ্যই NYS-এ বসবাস করতে হবে

যোগ্যতা সম্পর্কিত বিশদ বিবরণের জন্য hesc.ny.gov/eta ওয়েবসাইটে যান।

পুরস্কারের পরিমাণ

- সম্মলিতভাবে আপনার TAP পুরস্কার, ETA পুরস্কার এবং আপনার বেসরকারি কলেজের মিলের মাধ্যমে বছরে $6,000 পর্যন্ত

কীভাবে আবেদন করবেন

আবেদন করার পৃষ্ঠার লিঙ্ক পেতে এবং আবেদন করার সময়সীমা জানার জন্য hesc.ny.gov/eta ওয়েবসাইটে যান।

আপনি যদি NYS ড্রিম আইন অনুসারে যোগ্যতা অর্জন করে তাহলে hesc.ny.gov/dream ওয়েবসাইটে গিয়ে আবেদন করুন

STEM স্কলারশিপ

নিউ ইয়র্ক স্টেট সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাথমেটিক্স (STEM) ইনসেনটিভ প্রোগ্রাম নিউ ইয়র্ক স্টেটে অবস্থিত একটি SUNY বা CUNY কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পড়া শিক্ষার্থীদের সম্পূর্ণ বেতন ছাত্রবৃত্তি হিসাবে প্রদান করে।

STEM-এর যোগ্যতা অর্জন করতে আপনাকে এগুলি করতে হবে

- NYS শিক্ষার্থী হিসেবে যোগ্যতা সংক্রান্ত আবশ্যকতাগুলি পূরণ করতে হবে অথবা NYS ড্রিম আইনের অধীনে যোগ্যতা অর্জন করতে হবে
- আপনাকে আপনার হাই স্কুল স্নাতক শ্রেণির 10 শতাংশের মধ্যে র‍্যাঙ্ক করতে হবে
- নিউ ইয়র্ক স্টেট স্থিত সেকেন্ডারি পরিবর্তী ইনস্টিটিউশনে STEM নিয়ে স্নাতক হওয়ার জন্য পাঠরত হতে হবে
- মোট গ্রেড পয়েন্টের গড় 2.5 বা তার বেশি বজায় রাখতে হবে
- NYS-এ কলেজের পরে অনুমোদিত STEM পেশায় পাঁচ বছরের জন্য কাজ করা এবং বসবাস করার ক্ষেত্রে সম্মত হতে হবে

যোগ্যতা সম্পর্কিত বিশদ বিবরণের জন্য Visit hesc.ny.gov/STEM ওয়েবসাইটে যান।

পুরস্কারের পরিমাণ

- বার্ষিক SUNY আবাসিক অস্নাতক টিউশন রেট পর্যন্ত

কীভাবে আবেদন করবেন

- আবেদন করার পৃষ্ঠার লিঙ্ক পেতে এবং আবেদন করার সময়সীমা জানার জন্য hesc.ny.gov/STEM ওয়েবসাইটে যান

আপনি যদি NYS ড্রিম আইন অনুসারে যোগ্যতা অর্জন করে তাহলে hesc.ny.gov/dream ওয়েবসাইটে গিয়ে আবেদন করুন।

আবেদন করার পরে কী হবে?

- আপনার আবেদনের স্থিতি জানার জন্য আপনার ইমেল এবং HESC অ্যাকাউন্টে ঘন ঘন নজর রাখুন
- উল্লেখ করা সময়সীমার মধ্যে যেকোনও প্রশ্ন বা অনুরোধের প্রত্যুত্তর দিন